



UNITED PEOPLE'S DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Phone: 0371-61332, Email. updfcht@yahoo.com, Website: www.updfcht.org

Ref :

Date : ২৬ ডিসেম্বর ২০০৯

প্রেস বিজ্ঞপ্তি

**বিভিন্ন কর্মসূচীর মধ্যে দিয়ে ইউপিডিএফ-এর ১১তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত
পূর্ণস্বায়ত্তশাসন প্রতিষ্ঠার দৃঢ় প্রত্যয় ব্যক্ত**

“মুক্তির পথ আত্মনির্ভরশীলতা ও অধিকার আদায়ের একমাত্র হাতিয়ার নিজস্ব সংগঠন” এই শ্লোগানকে সামনে রেখে আজ ২৬ ডিসেম্বর’০৯ পার্বত্য চট্টগ্রামে পূর্ণস্বায়ত্তশাসনের দাবিতে আন্দোলনরত আঞ্চলিক রাজনৈতিক দল ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর ১১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে খাগড়াছড়ি জেলা ইউনিটের উদ্যোগে বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে।

কর্মসূচীর মধ্যে ছিল ২৫ ডিসেম্বর ’০৯ বেলা ২.০০টায় মহাজন পাড়াস্থ সূর্যশিখা ক্লাবে শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা, সন্ধ্যায় জেলার বিভিন্ন স্থান থেকে ফানুস উত্তোলন ও এদেশিগের মোনে (হাতিমাথা পাহাড়) ক্যাম্পিঙ, ২৬ ডিসেম্বর সকাল ৯.০০টায় পার্টি অফিসে আনুষ্ঠানিকভাবে পতাকা উত্তোলন ও বিপ্লবী সংগীত পরিবেশন, সকাল ১১.৩০টায় সাইকেল র্যালী ও চন্দনপতি কনফারেন্স হলে সাংবাদিকদের সাথে মতবিনিময়, বিকাল ৩.০০টায় বয়োজ্যেষ্ঠ মুরুব্বী, জনপ্রতিনিধি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সম্মানে চা চক্র ও মতবিনিময়।

সাংবাদিক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে মতবিনিময় সভায় ইউপিডিএফ-এর খাগড়াছড়ি জেলা সমন্বয়ক উজ্জ্বল স্মৃতি চাকমা বলেন, “পূর্ণস্বায়ত্তশাসনপন্থীদের ‘গলা টিপে হত্যা, চোখ উপড়ে ফেলে অন্ধ, হাত-পা ভেঙে দিয়ে’ ধ্বংস করতে সক্ষম না হওয়ায় বর্তমানে সরকার-দালালদের কৌশল পরিবর্তিত হয়েছে। শেষ অল্প হিসেবে ব্যবহৃত হচ্ছে গুজব, অপপ্রচার ও বিভ্রান্তি। চলছে পার্বত্য চট্টগ্রামে জল ঘোলা করার ও ছাত্র-যুব সমাজে পঁচন ধরানোর আয়োজন।

“পার্বত্য চট্টগ্রামের জনগণ যাতে নিজেরা নিজস্ব পার্টির পতাকাতলে সংগঠিত হয়ে অধিকার প্রতিষ্ঠা করতে না পারে সে লক্ষ্যে সমাজের একশ্রেণীর লোককে তথাকথিত “জাতীয় দলে” বাগিয়ে নিয়ে জনতার শক্তিকে বিভক্ত ও দুর্বল করার সুগভীর ষড়যন্ত্র চলছে।”

বর্তমান সরকারের সমালোচনা করে উজ্জ্বল স্মৃতি চাকমা বলেন, “অনেক প্রতিশ্রুতি সত্ত্বেও এখন পর্যন্ত পার্বত্য চট্টগ্রাম বিষয়ে আশ্বস্ত হবার মত পদক্ষেপ সরকার নেয়নি। সেনা প্রত্যাহার, ভূমি জরিপ-- এসব হচ্ছে সরকারের রাজনৈতিক ধাপ্লাবাজি। জাতিসত্তার স্বীকৃতি বিষয়টি ফয়সালা না করে সরকার ’৭২-এর সংবিধান প্রবর্তনের আওয়াজ তুলছে। এটি বলার অপেক্ষা রাখে না যে, ’৭২-এর সংবিধানে সবাইকে ‘বাঙালি’ হিসেবে আখ্যায়িত করা হয়েছিল, যা তখন পার্বত্য চট্টগ্রামের জনগণ মেনে নেয়নি এবং এখনও মানে না। কোন রাজনীতি সচেতন নাগরিকের নিকট তা গ্রহণযোগ্য নয়।”

তিনি আরো বলেন, তথাকথিত ‘অপারেশন উত্তরণ’ বাতিল না করা, পার্বত্য চট্টগ্রামে বেসামরিক প্রশাসন প্রবর্তন করতে না পারা, কল্পনা চাকমার অপহরণকারী লে. ফেরদৌসকে বিচারের মুখোমুখি করতে সক্ষম না হওয়া, ইউপিডিএফ নেতা রুইখই মারমাকে হত্যা পরিকল্পনাকারী হিসেবে অভিযুক্ত লে. কর্ণেল শরিফুল ইসলামকে সাজা না দেয়া, বান্দরবান-সাজেক-মানিকছড়ি-মাটিরাঙ্গায় ভূমি বেদখল বন্ধ না করাকে পার্বত্য চট্টগ্রাম সম্পর্কিত নীতির ক্ষেত্রে ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকারের ব্যর্থতা প্রমাণিত হয়েছে।

পার্টির ১১তম প্রতিষ্ঠাবার্ষিকীতে পার্বত্য চট্টগ্রামে “পূর্ণস্বায়ত্তশাসন” প্রতিষ্ঠার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে সরকারের নিকট নিগোক্ত দাবি জানানো হয়। দাবিগুলো হলো :

১. ভূমি সমস্যা সমাধানের প্রথম পদক্ষেপ হিসেবে বিগত বিএনপি ও তত্ত্বাবধায়ক সরকারের আমলে যে সব জমি বেদখল করা হয়েছে সেগুলো প্রকৃত মালিককে ফেরত দিতে হবে।
২. অপারেশন উত্তরণের নামে বলবৎ সেনা শাসন তুলে নিতে হবে।
৩. সংবিধানে জাতিসত্তা ও জাতিসত্তাগুলোর নিজস্ব প্রথাগত ভূমি আইনের সাংবিধানিক স্বীকৃতি দিতে হবে।
৪. সেনা নির্যাতন ও রাজনৈতিক নিপীড়ন বন্ধ করে পার্বত্য চট্টগ্রামে প্রকৃত গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিত করতে হবে।

পার্টির ১১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পার্বত্য চট্টগ্রামের তিন জেলাসহ সকল ইউনিটে বিভিন্ন কর্মসূচী পালিত হয়েছে।

আজ সন্ধ্যায় পার্বত্য চট্টগ্রামে বিভিন্ন ঘটনা ও অধিকার আদায়ের আন্দোলন সংগ্রাম করতে গিয়ে যারা শহীদ হয়েছেন তাদের সকলের স্মৃতির উদ্দেশ্যে নারাঙখিয়াস্থ রেড স্কোয়ারে হাজার বাতি প্রজ্জ্বলন করা হবে।

এছাড়া, গতকাল রাঙামাটি জেলার মানিকছড়ি এলাকা থেকে ইউপিডিএফ-এর ১১তম প্রতিষ্ঠাবার্ষিকীর পোস্টারিং করতে গিয়ে জেএসএস (সম্ব)-এর সশস্ত্র সন্ত্রাসী কর্তৃক অপহৃত ৭ জন স্কুল ছাত্রকে অবিলম্বে মুক্তি দেয়ার দাবি জানানো হয়।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রেস সেকশান

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

খাগড়াছড়ি জেলা ইউনিট।